

মৎস্য সুরক্ষা ও সংরক্ষণ আইন অনুযায়ী ২৫ সেমি অথবা ১০ ইঞ্চির চেয়ে ছোট আকারের ইলিশকে জাটকা হিসেবে অভিহিত করা হয়। ইলিশ সম্পদের টেকসই উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে দেশে মৎস্য সংরক্ষণ আইনে প্রতি বছর নভেম্বর থেকে জুন পর্যন্ত জাটকা আহরণ, বিক্রয়, বিপণন ও মজুদ নিষিদ্ধ করা হয়েছে। কিন্তু জাটকা, চাপিলা ও সার্ডিন মাছ দেখতে প্রায় একই রকম হওয়ায় মাঠ পর্যায়ে পার্থক্য নির্ণয় করা কঠিন হয়ে পড়ে। অনেক সময় জেলে এবং মাছ ব্যবসায়ীগণ জাটকা মাছকে চাপিলা ও সার্ডিন বলে বিভ্রান্ত করে থাকে। জাটকা, চাপিলা ও সার্ডিন মাছের পার্থক্য শনাক্তকরণে যথেষ্ট দক্ষতা না থাকলে মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়নে অসুবিধা দেখা দেয়। তাই জাটকা, চাপিলা ও সার্ডিন মাছ শনাক্তকরণে দক্ষতা অর্জন করা আবশ্যিক।

জাটকা, চাপিলা ও সার্ডিনের মধ্যে পার্থক্য নির্ণয়কারী বৈশিষ্ট্য

 জাটকা ইলিশ (<i>Tenualosa ilisha</i>)	 চাপিলা (<i>Gudusia chapra</i>)	 সার্ডিন (<i>Sardinella Sp.</i>)
 <ul style="list-style-type: none"> ● জাটকার পিঠের ও পেটের দিক প্রায় সমভাবে উত্তল, দেহ পরিমিতভাবে চওড়া ● পিঠ নীলাভ-সবুজ এবং পেট রূপালি; কানকোর পিছনে একটি অনিয়মিত কালো ফোঁটাসহ কয়েকটি ছোট ফোঁটা বিদ্যমান 	 <ul style="list-style-type: none"> ● চাপিলা মাছের পিঠের চেয়ে পেটের দিক বেশি উত্তল, দেহ সম্পূর্ণরূপে চওড়া ● পিঠ সবুজাভ এবং দেহ উজ্জ্বল রূপালি; কানকোর পিছনে একটি অনিয়মিত কালো ফোঁটাসহ কয়েকটি ছোট ফোঁটা বিদ্যমান 	 <ul style="list-style-type: none"> ● সার্ডিনের পিঠের দিকের চেয়ে পেটের দিক বেশি উত্তল ও চ্যাপ্টা, তুলনামূলকভাবে সরু দেহ ● পিঠ নীলাভ-সবুজ এবং পেট রূপালি-সাদা; দেহে ইলিশ বা চাপিলার মতো ফোঁটা নেই তবে পৃষ্ঠ পাখনার গোড়ার শুরুতে একটি কালো ফোঁটা বিদ্যমান
<ul style="list-style-type: none"> ● মাথার উপরিভাগে সুস্পষ্ট দাগ (ফ্রন্টো প্যারাইটাল স্ট্রিয়া) থাকে না 	<ul style="list-style-type: none"> ● মাথার উপরিভাগে সুস্পষ্ট দাগ (ফ্রন্টো প্যারাইটাল স্ট্রিয়া) থাকে না 	<ul style="list-style-type: none"> ● মাথার উপরিভাগে সুস্পষ্ট দাগ (ফ্রন্টো প্যারাইটাল স্ট্রিয়া) বিদ্যমান
<ul style="list-style-type: none"> ● মুখ প্রান্তীয় (টারমিনাল), ঠোঁট কিছুটা পুরু, চোয়াল প্রায় সমান, নিচের চোয়াল উপরের চোয়ালকে ছাড়িয়ে যায় না 	<ul style="list-style-type: none"> ● মুখ উপরের দিকে উঠানো, ঠোঁট অসমান, নিচের চোয়াল উপরের চোয়ালকে সামান্য ছাড়িয়ে যায় 	<ul style="list-style-type: none"> ● মুখ প্রান্তীয় (টারমিনাল), চোয়াল প্রায় সমান, নিচের চোয়াল সামান্য পুরু
<ul style="list-style-type: none"> ● বক্ষ কাঁটা (Scutes): ৩০-৩৩টি 	<ul style="list-style-type: none"> ● বক্ষ কাঁটা (Scutes): ২৬-২৯টি 	<ul style="list-style-type: none"> ● বক্ষ কাঁটা (Scutes): ২৯-৩২টি
<ul style="list-style-type: none"> ● চোখের আকৃতি ছোট 	<ul style="list-style-type: none"> ● চোখের আকৃতি অপেক্ষাকৃত বড় 	<ul style="list-style-type: none"> ● চোখের আকৃতি জাটকা ও চাপিলার চেয়ে বড়
<ul style="list-style-type: none"> ● মাথার আকৃতি লম্বাটে ও অগ্রভাগ সূচালো 	<ul style="list-style-type: none"> ● মাথার আকৃতি ছোট ও অগ্রভাগ ভোঁতা 	<ul style="list-style-type: none"> ● মাথার আকৃতি বড় ও অগ্রভাগ সামান্য ভোঁতা
<ul style="list-style-type: none"> ● আঁইশের আকৃতি বড়, নিয়মিত সারিতে সাজানো থাকে এবং পার্শ্বরেখা বরাবর এক সারিতে আঁইশের সংখ্যা ৪০-৫০টি 	<ul style="list-style-type: none"> ● আঁইশের আকৃতি অপেক্ষাকৃত ছোট, পার্শ্বরেখা বরাবর এক সারিতে আঁইশের সংখ্যা ৮৫-১০৫টি 	<ul style="list-style-type: none"> ● আঁইশের আকৃতি তুলনামূলকভাবে বড়, নিয়মিত সারিতে সাজানো থাকে এবং পার্শ্বরেখা বরাবর এক সারিতে আঁইশের সংখ্যা ৪০-৪৫টি
<ul style="list-style-type: none"> ● পৃষ্ঠ পাখনায় ১৭-১৯টি, পার্শ্ব পাখনায় ১৪-১৬টি, বক্ষ পাখনায় ৮টি এবং পায়ু পাখনায় ১৮-২৩টি রশ্মি থাকে 	<ul style="list-style-type: none"> ● পৃষ্ঠ পাখনায় ১৪-১৫টি, পার্শ্ব পাখনায় ১৩টি, বক্ষ পাখনায় ৭টি, পায়ু পাখনায় ২৩-২৫টি রশ্মি থাকে 	<ul style="list-style-type: none"> ● পৃষ্ঠ পাখনায় ১৮-১৯টি, পার্শ্ব পাখনায় ১৫টি, বক্ষ পাখনায় ৮টি, পায়ু পাখনায় ১৮-২০টি রশ্মি থাকে
<ul style="list-style-type: none"> ● জাটকা আহরণ, বিক্রয়, বিপণন ও মজুদ নিষিদ্ধ 	<ul style="list-style-type: none"> ● চাপিলা আহরণ, বিক্রয়, বিপণন ও মজুদ নিষিদ্ধ নয় 	<ul style="list-style-type: none"> ● সার্ডিন আহরণ, বিক্রয়, বিপণন ও মজুদ নিষিদ্ধ নয়



ইলিশ সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা প্রকল্প
মৎস্য অধিদপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

